রটফিক্স-ব্যবহারের সুবিধা:

- ✓ এটি একটি পরিবেশ বান্ধব, বহুল বিস্তৃত ঔষধ; শিকড়-পচা রোগের সবকটি ছত্রাকনাশে সমানভাবে কার্যকরী।
- ✓ প্রাথমিক দশায় প্রয়োগ করলে তুঁত গাছ সম্পূর্ণ ভাবে রোগমুক্ত হয়।
- ✓ এই ঔষধটি ৮৯.৫% পরিবেশ বান্ধব জৈব দ্রব্য ও ৮% জৈব রাসায়নিক মিশ্রনে প্রস্তুত।
- ✓ এই ঔষুধের ব্যবহার আর্থিক দিক দিয়ে সুবিধাজনক।
- ✓ এই জৈব মিশ্রণটি মাটিতে অবস্থিত উপকারী জীবাণুর কোনো ক্ষতি করে না।
- ✓ পলু পোকার উপর এর কোনো ক্ষতিকারক পার্শ্ব-প্রতিক্রিয়া নেই।
- ✓ ঔষুধটির কার্যকারী জীবনকাল দুই বছর।

প্রাথমিক অবস্থায় এই ভাবে ঔষধ প্রয়োগ করুন

অধিক আক্রান্ত অবস্থায় এই ভাবে ঔষধ প্রয়োগ করুন



● রোগমুক্ত গাছ
● রোগাক্রান্ত গাছ

নির্দেশাবলী:

- এই রোগে আক্রান্ত ও মৃত গাছকে জমি থেকে তুলে পুড়িয়ে ফেলতে হবে ও মাটি খুঁড়ে, কড়া সূর্যালোকে জমিকে উন্মিলিত করে জীবাণুকে মেরে ফেলতে হবে।
- নুতন চারা-গাছকে 0.8% রটফিক্স দ্রবণে ২০ মিনিট ডুবিয়ে পুনরায় রোপন করতে হবে।
- রোগ সংক্রমণ রুখতে, বাগানের আক্রান্ত অংশের চারপাশের স্বাস্থবান গাছগুলিতে রটফিক্স দ্রবণ স্প্রে করতে হবে।
- রোগের প্রাথমিক লক্ষণ (যেমন- পাতার কিনারা শুকিয়ে যাওয়া) দেখা দেবার সঙ্গে সঙ্গে রটফিক্স দ্রবণ স্প্রে করতে হবে।
- রটফিক্স প্রয়োগের ২-৩ দিন বাদে জমিতে জল দেওয়া যাবে।
- রোগমুক্তি না ঘটলে, প্রথম প্রয়োগের ৩০দিন বাদে পুনরায় ওই প্রয়োগ করতে হবে।
- জমিতে জৈব সার পর্যাপ্ত পরিমাণে প্রয়োগ করলে জমির জৈব কার্বনের পরিমান বাড়ে ও তাতে এই রোগের প্রকোপ কমে।
- মাটির আদ্রতা শতকরা ৪০ ভাগের উপর রাখতে পারলে এই রোগ ছড়িয়ে পড়া হ্রাস পায়।
- নতুন তুঁত গাছের চারা জমিতে রোপনের আগে, জমি গভীর খোড় ও চাষ দিয়ে প্রস্তুত করা আবশ্যিক।

সতর্কতা:

- ➢ রটফিক্স বাতাস প্রতিরোধী মোড়কে রাখা বাঞ্ছনীয়।
- ➢ রটফিক্স কে শিশুদের থেকে দূরে রাখতে হবে।
- ➢ এই ঔষধটি সূর্যালোক থেকে দূরে, ঠান্ডা জায়গায় রাখা উচিত।

মূল পাণ্ডুলিপি প্রস্তুত:
প্রতীশ কুমার পি. এম, রাজশেখর কে ও ভি শিবপ্রসাদ

পাণ্ডুলিপি বাংলায় রূপান্তরণ:
অনিল পাপ্পাচান, সৌমেন চট্টোপাধ্যায় ও মো: মিরসাদ আলি

আরো তথ্যের জন্য যোগাযোগ:

অধিকর্তা, সিএসআরটিআই, বহরমপুর-742101, পশ্চিমবঙ্গ
টেলিফোন: 03482-224713, ইপিএবিএক্স: 224716/17/18
ফ্যাক্স: 03482-224714 / 224890
ইমেল: csrtiber@gmail.com; csrtiber.csb@nic.in
www.csrtiber.res.in

তুঁত গাছের শিকড় পচা রোগ নিয়ন্ত্রণে 'রটফিক্স' : একটি পরিবেশ বান্ধব বহুল বিস্তৃত কার্যকরী ঔষধ

[কেন্দ্রীয় রেশম উৎপাদন অনুসন্ধান ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান, মহীশুরু হতে উদ্ভাবিত ঔষধ]

সিএসআরটিআই

কেন্দ্রীয় রেশম গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান
কেন্দ্রীয় রেশম বোর্ড, বস্ত্র মন্ত্রণালয়, ভারত সরকার
বহরমপুর-৭৪২১০১, মুর্শিদাবাদ, পশ্চিমবঙ্গ।

তুঁত গাছের শিকড়ে পচন- একটি অতি ক্ষতিকর রোগ।এই রোগ অধিকাংশ তুঁত বাগানেই দেখতে পাওয়া যায়।শিকড় পচা রোগের কারণ কিছু পরজীবি ছত্রাক। এর মধ্যে ফুসারিয়াম সোলানি, ফুসারিয়াম ওক্সিস্পোরাম, রাইজোকটোনিয়া বাটাটিকলা ও বত্রিয়োডিপ্লোডিয়া থিওব্রোমে বিশেষ ভাবে উল্লেখযোগ্য। এই রোগটি সারা বছর ধরে তুঁত বাগানে দেখা যায়।

রোগের লক্ষণ ও বৃদ্ধি:

- আক্রান্ত গাছের পাতা শুকিয়ে যায় ও নুয়ে পড়ে; পরবর্তী সময়ে ধীরে-ধীরে ঝরে যায়।
- গাছের শিকড় ধীরে ধীরে কালচে-বাদামি বর্ণ ধারণ করে, ক্ষয়ে যায় ও শেষে আক্রান্ত তুঁত গাছটি মরে যায়।
- এই রোগে আক্রান্ত গাছের মৃত্যুর হার প্রায় ৩০% ও পাতার ফলন প্রায় ১৪ শতাংশ কম হয়ে থাকে।
- মাটির তাপমাত্রা ৩০-৩৫°C ও আদ্রতার পরিমাণ <৪০% থাকলে, শিকড় পচা রোগটি অপেক্ষাকৃত দ্রুত ছড়িয়ে থাকে।
- এই রোগটি বাগানের একটি ক্ষুদ্র অংশের অল্প কয়েকটি গাছে প্রথমে দেখা যায়। ওই আক্রান্ত অংশটি ক্রমে 'সংক্রামক-কেন্দ্র' রূপে ব্যবহৃত হয় ও রোগটি সারা তুঁত-বাগানেই দ্রুত ছড়িয়ে পড়ে।
- এই রোগ সৃষ্টিকারী ছত্রাকটি গাছের শিকড়ের কর্টেক্স অংশে করে বংশ-বৃদ্ধি করে ও অসংখ্য কালো রঙের অযৌন স্পোর উৎপাদন করে।
- আক্রান্ত গাছের শিকড়ের কর্টেক্স-এর আশপাশের কোষ কলাগুলি শুকিয়ে যায়।ফলে রোগগ্রস্থ শিকড়ের অংশ গুলি সহজে বিচ্ছিন্ন হয়ে যায়।

রটফিক্স- প্রয়োগ পদ্ধতি:

প্রয়োগের ঠিক আগে আক্রান্ত গাছকে মাটি হতে ৩০ সে. মি. উপরে ছাঁটাই করতে হবে।

আক্রন্ত গাছের চারপাশের মাটি প্রায় ২০-৩০ সে.মি. খুঁড়তে হবে।

প্রয়োগের ঠিক আগে, ১০গ্রাম রটফিক্স ২লিটার পরিষ্কার জলে ভালোভাবে মিশিয়ে একটি সমসত্ব দ্রবণ প্রস্তুত করতে হবে।

ওই দ্রবণটি আক্রান্ত গাছের শিকড়ের চারপাশে ভালো ভাবে মিশিয়ে সঙ্গে-সঙ্গে মাটি দিয়ে ঢেকে দিতে হবে।

প্রতি গাছে 2 লিটর রটফিক্স দ্রবণ গাছের গোড়ায় দিতে হবে।

মাটি দ্বারা ঢেকে দিতে হবে।

গাছের চারদিকে আলগা মাটি দেবে শক্ত করে দিতে হবে।